# উপজেলা সমবায় কার্যালয়, কুষ্টিয়া সদর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## উপজেলা সমবায় কার্যালয়, কুষ্টিয়া সদর এর প্রধান অর্জন সমূহ :

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে **উপজেলা সমবায় কার্যালয়, কুষ্টিয়া সদর,কুষ্টিয়া** উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত অর্থবছরে মোট ০৬ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ১২০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২১-২২ সনে ১৩৩ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ৭৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৪৪৩ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০৪১', 'এসডিজি' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ন প্রকল্পের আওতায় (ক্রমপুঞ্জিভুত) ০৬.৪৫ লক্ষ টাকা ঋণ বিতরন ও ৪.২৫ লক্ষ টাকা আদায় করা হয়েছে। আশ্রয়ন ফেইজ-২ প্রকল্প হতে (ক্রমপুঞ্জিভুত) ১.৫০লক্ষ টাকা ঋণ বিতরন ও ২.৬২ লক্ষ টাকা আদায় করা হয়েছে।

***ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ***

সমবায় সমিতির সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতির অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে মডেল সমবায় সমিতি সৃজন করা হবে । উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে। বর্তমানে ডি-নথিতে অফিসের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং এ ধারা অব্যাহত রাখা হবে।


সমবায়ীদের মাঝে পন্য বিতরণ
MARCEL
LED TV
Shot on realme C2


Shot on realme C2




## মডেল সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমঃ

ভুমিকাঃ-

নিজেদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কুষ্টিয়া সদর উপজেলার সুগ্রিবপুর এলাকায় ২০ জন সদস্য মিলে সুগ্রিবপুর সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ নামে একটি সমবায় সমিতি গঠন করে সমবায় বিভাগ, কুষ্টিয়া থেকে নিবন্ধন নেয়। নিবন্ধন নম্বর-০৫, তারিখঃ-১২/০৭/২০১৫ খ্রি:। বর্তমানে সমিতির শেয়ার মুলধন- ৩৪৯০০.০০টাকা,সঞ্চয় আমানত-১১৮৪৮৬৫.০০টাকা। নিবন্ধন পরবর্তীতে সততা,নিষ্ঠা ও আন্তরিকতার মাধ্যমে সমিতি পরিচালনা করায় সমিতিটি বর্তমানে একটি অনুসরণীয় ও অনুকরণীয় প্রতিষ্ঠানে পরিণত হয়েছে এবং কুষ্টিয়া জেলার সমবায় অঙ্গানে নিজস্ব কর্মকান্ডের দ্বারা স্থান করে নিয়েছে।

সমবায় সমিতির সদস্য সংখ্যাঃ-

নিবন্ধন কালে সমিতির সদস্য সংখ্যা ছিল ২০ জন, বর্তমানে সমিতির সদস্য সংখ্যা ১১৭ জন। ০৭ বছরে সদস্য বৃদ্ধিতে সাফল্য অর্জন করেছে।

কার্যক্রমের বর্ণনাঃ-

সদস্যদের কর্মসংস্থান তৈরী, ভ্যান গাড়ী ক্রয়, গাভী পালন, হাঁসমুরগী পালন, ক্ষুদ্র ব্যবসা, কৃষিকাজ, কুটির শিল্প।

বিগত বছরগুলোর কর্মকান্ডের বর্ণনাঃ-

স্বল্প সুদে ঋণ কার্যক্রমের মাধ্যমে সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। সমিতির সদস্যদের প্রয়োজনে ব্যবসায়িক ঋন প্রদান করে তাদের স্বাবলম্বি করতে সহায়তা করা হয়। প্রতিবন্ধি সদস্যদের প্রতি মাসে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। গণশিক্ষা, বৃক্ষরোপন, বাল্যবিবাহ প্রতিরোধ ও মাদকমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে সদস্যদেরকে উদ্বুদ্ধ করা হয়।

কেস ষ্ট্যাডিঃ-

নিয়মিতভাবে সমিতির মাসিক সভা করা হয় এবং উহার কার্যবিবরনী রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়। সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়। বিগত ১৩/০৯/২০২২ খ্রিঃ তারিখে সমিতির বার্ষিক সাধারন সভা করা হয়েছে। সমিতির নির্বাচন বিগত ২৫/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সমিতির সহযোগিতায় নিরীক্ষা সম্পাদন করা হয়।

কিভাবে মডেল হলো তাঁর বর্ননাঃ

সমিতি থেকে সদস্যদের ট্রেড ভিত্তিক প্রশিক্ষন প্রদান পূর্বক সদস্যদের মাঝে গাভীপালন, ছাগলপালন, হাঁস-মুরগী পালন, সেলাই শিক্ষা ও ক্ষুদ্র ব্যবসাখাতে কর্জ দাদন করে প্রায় ৩৯ জন সদস্যকে ইতোমধ্যে স্বাবলম্বী করা হয়েছে। সমিতির কর্মকান্ডের পাশাপাশি বিভিন্ন সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নে এলাকায় উল্লেখ্যযোগ্য ভুমিকা রেখেছে। বিশেষ করে বাল্যবিবাহ রোধ,নারী স্বাস্থ্য শিক্ষা,স্যানিটেশন,যৌতুক বিরোধী আন্দোলনে সদস্যদের ভুমিকা বিষয়ে বৈঠক করা হয়েছে।

লভ্যাংশ বিতরন ও সিডিএফঃ

অত্র সমিতিটি ২০২১-২০২২ অর্থবছরের সদস্যদের মাঝে ১৭৩৬০০.০০টাকা লভ্যাংশ বিতরন করেছে। অডিট ফি বাবদ ১০০০০.০০টাকা ট্রেজারী চালানে ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৯৬৪৫.০০টাকা অনলাইন মারফত জমা প্রদান করা হয়েছে।

অডিট সম্পর্কিত তথ্যঃ-

২০২১-২০২২ অর্থ বছরের অডিট জনাব নারগিস আরা, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া কর্তৃক বিগত ২০/০৭/২০২২ খ্রিঃ তারিখে সম্পাদন করা হয়েছে।

ব্যাংক ও অন্যান্য তথ্যঃ-

৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে অত্র সমিতির নামে সোনালী ব্যাংক লিঃ, মধুপুর বাজার, কুষ্টিয়া শাখায় ২১৩৫৭১.০০টাকা জমা রয়েছে।

আর্থ-সামাজিক উন্নয়নের ভুমিকাঃ-

অল্প সময়ের মধ্যে সমিতির আর্থিক উন্নয়নের পাশাপাশি সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বলিষ্ঠ ভুমিকা রেখে চলেছে। ইতোমধ্যে স্বল্প সুদে ঋণ কার্যক্রমের মাধ্যমে সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। সমিতির সদস্যদের প্রয়োজনে ব্যবসায়িক ঋন প্রদান করে তাদের স্বাবলম্বি করতে সহায়তা করা হয়েছে। প্রতিবন্ধি সদস্যদের প্রতি মাসে চিকিৎসা ভাতা প্রদান করা হয়। গণশিক্ষা,বৃক্ষরোপন,বাল্যবিবাহ প্রতিরোধ ও মাদকমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে সদস্যদেরকে উদ্বুদ্ধ করা হয়। সদস্যদের ছেলে-মেয়েকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়।

সমবায় আন্দোলনকে বেগবান ও গতিশীল সংক্রান্ত কাজঃ

অত্র সমবায় সমিতি এলাকাবাসীদের সমবায় বিষয়ে অবগত করে থাকে। জাতীয় এবং আর্ন্তজাতিক সমবায় দিবস উৎযাপন করে সমবায় আন্দোলকে বেগবান ও গতিশীল করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে।

প্রচার ও প্রকাশনার পরিমাণঃ

সমিতি তার গৃহিত বিভিন্ন কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে জাতীয় পত্রিকায় প্রকাশ করতঃ জনগণের মধ্যে প্রচারের ব্যবস্থা করে। এলাকায় বিভিন্ন গ্রুরুত্বপূর্ণ স্থানে সমিতির কর্মকান্ড সংক্রান্ত পোষ্টার বা লিখন টাংগানো হয়।

সামাজিক কর্যক্রমে অবদানঃ

সমিতির পক্ষ থেকে বয়স্ক শিক্ষা কার্যক্রম পরিচালনা করে সমাজকে নিরক্ষতার অভিশাপ মুক্ত করার প্রয়াস চালাচ্ছে। এছাড়া সমিতি পক্ষ থেকে ছাত্র/ছাত্রীদের মধ্যে শিক্ষা বৃত্তি, বিবাহ অনুদান, চিকিৎসা অনুদান গরীব পরিবারের মধ্যে আর্থিক অনুদান প্রদান,বাল্য বিবাহ রোধ ও মাদকদ্রব্য সেবনে নিরৎসাহিতকরণ কার্যক্রম পরিচালনা করে কুষ্টিয়া সদর উপজেলার মধ্যে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

## ০১। অত্র উপজেলায় সমবায় সমিতির সংখ্যাঃ

| কেন্দ্রীয়(সবি) | প্রাথমিক(সবি) | মোট | কেন্দ্রীয়(পউব) | প্রাথমিক (পউব) | মোট |
|---|---|---|---|---|---|
| ০৭ | ২২৫ | ২৩২ | ০৩ | ১৪৯ | ১৫২ |

## ০২। আশ্রয়ন প্রকল্পঃ

| প্রকল্পের নাম | প্রকল্প হতে ছাড়কৃত ঋণ | ঋণ বিতরণ | আদায়যোগ্য ঋণ সা:চার্জসহ | আদায়কৃত ঋণ সা:চার্জসহ | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ক) কুষ্টিয়া সদর আশ্রয়ন | ১৩০০০০০.০০ | ৭২১৯০০০.০০ | ৭০৫৬৯২০.০০ | ৬৪৬৭১৩৩.০০ | ৯২% |
| খ) গড়াই -০১ আশ্রয়ন (ফেইজ-২) | ৮৪০০০০.০০ | ৪৮৮৬০০০.০০ | ৫২৭৬৮৮০.০০ | ৪৬৪৫৩১৮.০০ | ৮৮% |
| গ) আলামপুর আশ্রয়ন (ফেইজ-২) | ২৮০০০০.০০ | ১১৭০০০০.০০ | ১২১৩৬০০.০০ | ১০১২৫০৩.০০ | ৮৩% |
| ঘ) হাটশহরিপুর আশ্রয়ন | ০ | ০ | ০ | ০ | ০ |
| ঙ)পূর্ব আব্দালপুর আশ্রয়ন | ০ | ০ | ০ | ০ | ০ |
| চ)আমানতপুর আশ্রয়ন | ০ | ০ | ০ | ০ | ০ |
| ছ)গোস্বামী দুর্গাপুর আশ্রয়ন | ০ | ০ | ০ | ০ | ০ |
| জ) নওয়াপাড়া আশ্রয়ন | ০ | ০ | ০ | ০ | ০ |

(মোঃ সাঈদ হাসান)
উপজেলা সমবায় অফিসার
কুষ্টিয়া সদর,কুষ্টিয়া।